কালের কণ্ঠ

তারিখ ... 13 ...
পৃষ্ঠা ... ১৮ ... কলাম ... ২ ...

# শিক্ষাপ্রতিষ্ঠানের সীমানা ঘেঁষে ভবন নির্মাণ

## সাবেক এমপির বোনের বিরুদ্ধে জিডি

**নারায়ণগঞ্জ প্রতিনিধি ▷**

বিএনপি দলীয় সাবেক সংসদ সদস্য (এমপি) গিয়াসউদ্দিনের বোন মাজেদা বেগমের বিরুদ্ধে গতকাল বুধবার সিদ্ধিরগঞ্জ থানায় জিডি করা হয়েছে। বিল্ডিং কোড না মেনে সিদ্ধিরগঞ্জের রেবতী মোহন পাইলট স্কুল অ্যান্ড কলেজের সীমানাপ্রাচীর ঘেঁষে মাজেদা বেগম তাঁর ভবন নির্মাণ কাজ করায় প্রতিষ্ঠানটির অধ্যক্ষ নূর ইসলাম জিডিটি করেন। পরে পুলিশ ওই ভবন নির্মাণের পাঁচ শ্রমিককে আটক করে জিজ্ঞাসাবাদের জন্য থানায় নিয়ে যায়।

জিডি ও কলেজ সূত্রে জানা গেছে, রেবতী মোহন পাইলট স্কুল অ্যান্ড কলেজে প্রায় তিন হাজার শিক্ষার্থী রয়েছে। সম্প্রতি এ শিক্ষাপ্রতিষ্ঠানের চারতলাবিশিষ্ট আইসিটি ভবন নির্মাণের জন্য সরকার বরাদ্দ দেয়। সরকারি বিল্ডিং কোড অনুযায়ী প্রয়োজনীয় জায়গা রেখে প্রতিষ্ঠানটি নিজস্ব জমিতে ওই ভবনের দ্বিতীয় তলার ছাদ নির্মাণ কাজ শেষ করে। বিল্ডিং কোড অনুযায়ী নির্দিষ্ট জায়গা না রেখে মাজেদা বেগম প্রতিষ্ঠানটির উত্তরপাশ ঘেঁষে তাঁর বাড়ির নির্মাণকাজ শুরু করেন। ফলে শিক্ষাপ্রতিষ্ঠানটির নির্মাণাধীন ভবনের কাজ শেষ করতে যেমন বিঘ্ন সৃষ্টি হচ্ছে, তেমনি ভবিষ্যতে ভবনটি ক্ষতির সম্মুখীন হবে জানায় ওই স্কুল কর্তৃপক্ষ। প্রতিষ্ঠানটির অধ্যক্ষ নুর ইসলাম মাজেদা বেগমকে মৌখিক ও লিখিতভাবে বিল্ডিং কোড মেনে তাঁর ভবন নির্মাণের অনুরোধ জানান। কিন্তু মাজেদা বেগম তাঁর ভবন নির্মাণ বন্ধ না রাখায় শিক্ষাপ্রতিষ্ঠানটির সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে প্রয়োজনীয় আইনি ব্যবস্থা নেওয়ার জন্য ওই জিডি করা হয়।

### ফতুল্লায় আটক ৫

সিদ্ধিরগঞ্জ থানার পুলিশ পরিদর্শক (অপারেশন) নাসির উদ্দিন সরকার বলেন, 'শিক্ষাপ্রতিষ্ঠানটিতে অনেক ছাত্র-ছাত্রী লেখাপড়া করে। তাদের শিক্ষাপ্রতিষ্ঠান ঘেঁষে ভবন নির্মাণ করায় কোনো ধরনের অপ্রীতিকর ঘটনার আশঙ্কায় নির্মাণকাজ বন্ধ রেখে আমরা উভয় পক্ষকে কাগজপত্র নিয়ে থানায় আসতে বলেছি। কিন্তু মাজেদা বেগম আমাদের কথায় কর্ণপাত না করে তাঁর ভবনের নির্মাণকাজ অব্যাহত রাখেন। এ পরিপ্রেক্ষিতে জিজ্ঞাসাবাদের জন্য আমরা লোকমান, রুবেল, আলামিন, মোবারক হোসেন ও নজরুল ইসলামকে থানায় নিয়ে আসি।'

ওই শিক্ষাপ্রতিষ্ঠানের প্যাডে অধ্যক্ষ নূর ইসলাম স্বাক্ষরিত সাংবাদিকদের কাছে পাঠানো এক পত্রে উল্লেখ করা হয়, 'প্রতিষ্ঠানটির ভবন নির্মাণের সময় সাবেক এমপি গিয়াসউদ্দিন সিদ্ধিরগঞ্জ দক্ষিণ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পক্ষে বাদী হয়ে একটি মামলা করেন। এতে আমাদের প্রতিষ্ঠানের প্রায় লক্ষ টাকা ব্যয় হয়। এ ব্যাপারে সিদ্ধিরগঞ্জ দক্ষিণ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কমিটির সঙ্গে আপস হলেও তিনি মামলা পরিচালনা বন্ধ রাখেননি। উপরন্তু উত্তরপাশে নির্মাণাধীন ভবনের পাশে তাঁর বোন দেয়াল দিয়ে আমাদের শিক্ষাপ্রতিষ্ঠানের ভবন নির্মাণ কাজে বাধা দিচ্ছেন।'

**দেয়াল ভাঙার অভিযোগ :** কলেজের একাধিক শিক্ষক জানান, গতকাল দুপুরে হঠাৎ গিয়াসউদ্দিনের কয়েকজন ক্যাডার শিক্ষাপ্রতিষ্ঠানের নির্মাণাধীন ভবনের দেয়াল ভেঙে ফেলে। শিক্ষকরা সিদ্ধিরগঞ্জ থানায় ঘটনাটি জানালে থানার ওসি (সার্বিক) আব্দুস সাত্তারসহ অন্য পুলিশ কর্মকর্তা ঘটনাস্থলে আসেন। এ সময় গিয়াসউদ্দিনের ক্যাডাররা পালিয়ে যায়।